

২০২০

বাংলা - সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-1

(বাংলার সমাজ ও সংস্কৃতির ইতিহাস)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

Day 1

- ১। (ক) চর্যাপদের কবিতাগুলিতে প্রতিফলিত প্রাচীন যুগের বাঙালির জীবনধারার পরিচয় দাও। ১০
অথবা,
(খ) বাংলার মধ্যযুগের সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
- ২। (ক) উনিশ শতকে ধর্ম-সংস্কারের ক্ষেত্রে পাশ্চাত্য শিক্ষার ভূমিকা নির্ণয় করো। ১০
অথবা,
(খ) নীল-বিদ্রোহের পরিণতি কী হয়েছিল তা সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৩। (ক) বয়কট ও স্বদেশী আন্দোলন বলতে কী বোঝো? বাংলার ইতিহাসে স্বদেশী আন্দোলনের প্রভাব আলোচনা করো। ৫+৫
অথবা,
(খ) ১৯৫২-র ভাষা-আন্দোলনের গুরুত্ব সম্পর্কে লেখো। ১০
- ৪। (ক) বাঙালির সংস্কৃতিকে বলা হয় মিশ্র-সংস্কৃতি। যুক্তিসহ মন্তব্যটি ব্যাখ্যা করো। ৫
অথবা,
(খ) চৈতন্য-সংস্কৃতি বলতে কী বোঝো? ৫
- ৫। (ক) বাংলাভাষায় শিক্ষাপ্রসারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সম্পর্কে লেখো। ৫
অথবা,
(খ) বাংলার সমাজ সংস্কৃতিতে ব্রাহ্মসমাজের গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৬। (ক) দেশভাগের ফলে পশ্চিমবাংলাকে কোন কোন সমস্যার মুখোমুখি হতে হয়েছিল তা সংক্ষেপে লেখো। ৫
অথবা,
(খ) ১৯৫৯-র খাদ্য আন্দোলনের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৫

Please Turn Over

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

- (ক) ষড় গোস্বামী
- (খ) ইয়ংবেঙ্গল গোষ্ঠী
- (গ) নকশাল আন্দোলন।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

- (ক) বাংলার আদি জনগোষ্ঠী কাদের বলা হয়?
- (খ) বাংলা ভাষায় লেখা প্রথম গ্রন্থ কোনটি?
- (গ) বাংলা ভাষায় রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদক কে?
- (ঘ) রাজা শশাঙ্কের রাজধানীর নাম কী ছিল?
- (ঙ) হুসেন শাহের আমলে মহাভারত-অনুবাদক কে ছিলেন?
- (চ) পলাশীর যুদ্ধের সময়কাল কত?
- (ছ) সাঁওতাল বিদ্রোহের দুজন নেতার নাম লেখো।
- (জ) ফোর্ট উইলিয়াম কলেজের প্রতিষ্ঠা কোন সালে হয়?
- (ঝ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা কত খ্রিস্টাব্দে হয়েছিল?
- (ঞ) 'তত্ত্ববোধিনী সভা'-র প্রতিষ্ঠাকাল কবে?
- (ট) কালীপ্রসন্ন সিংহ প্রতিষ্ঠিত সভার নাম কী?
- (ঠ) নীলচাষীদের সমর্থনে কোন পত্রিকা অত্যন্ত সরব ছিল?
- (ড) 'দলিত'-দের গান্ধিজি কী নামে আখ্যা দিয়েছিলেন?
- (ঢ) তেভাগা আন্দোলন কোন সালে হয়েছিল?
- (ণ) নকশাল আন্দোলন কোথায় প্রথম শুরু হয়েছিল?